

জমিয়াতুল মোদারেরছীন পরিচালিত মাদ্রাসা বৃত্তি বোর্ডের ফল প্রকাশ

রেবা রহমান

জমিয়াতুল মোদারেরছীন পরিচালিত যশোর মাদ্রাসা বৃত্তি পরীক্ষা বোর্ডের ফলাফল প্রকাশিত হয়েছে। দৈনিক ইনকিলাব ও জমিয়াতুল মোদারেরছীনের প্রতিষ্ঠাতা মরহুম হযরত মওলানা এম এ মালুকের (রহঃ) যতে গড়া বৃত্তি পরীক্ষা বোর্ড ১৯৭৮ সালে প্রতিষ্ঠার পর থেকে প্রতিবছর ৫ম, ৮ম ও ১০ শ্রেণীর বৃত্তি প্রদান করে আসছে। এতে অনাংবা মেধাবী মাদ্রাসা ছাত্রছাত্রী অর্থিক সহায়তা পেয়ে উপকৃত হচ্ছে। বোর্ডের চেয়ারম্যান মওলানা মুহাম্মদ নূরুল ইসলাম ও পরীক্ষা নিয়ন্ত্রক এটিএম মুজাহার উর্দীন জানান, তিনটি শ্রেণীতে ১০টি পরীক্ষা কেন্দ্রে সর্বমোট ৬৮২ জন ছাত্রছাত্রী বৃত্তি পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে রয়েছে ৫ম শ্রেণীতে ২০২ জন, ৮ম শ্রেণীতে ২২৩ জন ও ১০ম শ্রেণীতে ২৫৭ জন। বৃত্তি পরীক্ষার উত্তীর্ণ হয়েছে ৫ম শ্রেণীতে ১ম থেকে ৫ জন, ২য় থেকে ১০ জন, সাধারণ থেকে ১৬ জন; ৮ম শ্রেণীতে ১ম থেকে ৫ জন, ২য় থেকে ১০ জন ও সাধারণ থেকে ১৫ জন এবং ১০ শ্রেণীতে ১ম থেকে ৫ জন, ২য় থেকে ১০ জন ও সাধারণ থেকে ১৫ জন। বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের মাঝে প্রতি মাসে নির্দিষ্ট অংকের অর্থ দেয়া হবে থাকে। যশোর আঞ্চলিক জমিয়াতুল মোদারেরছীনের এই মাদ্রাসা বৃত্তি পরীক্ষা বোর্ডের আওতায় খোটা দক্ষিণ-পশ্চিমবঙ্গের নিম্নোক্ত মাদ্রাসার ছাত্র-ছাত্রী প্রতিবছর বৃত্তি পরীক্ষায় অংশ নিয়ে আসছে। মাদ্রাসা বৃত্তি পরীক্ষা বোর্ড সূত্র জানায়, ৫ম শ্রেণীতে প্রথম থেকে প্রথম হয়েছে খিনাইসহের কাতেরকোল ইসলামী মাদ্রাসা মাদ্রাসার ছাত্র মোঃ শাকির আহম্মেদ। ৮ম শ্রেণীতে প্রথম থেকে প্রথম হয়েছে একই মাদ্রাসার মোঃ সাইফুল ইসলাম। ১০ম শ্রেণীতে প্রথম থেকে প্রথম হয়েছে যশোর লাতিফী রামনগর কামিল মাদ্রাসার ছাত্র মোঃ মাসউদুর রহমান মাসুদ।